কালীগঞ্জে হলুদে রং ও চাউলের গুঁড়া; ব্যবসায়ীকে লাখ টাকা জরিমানা

ঝিনাইদহের কালীগঞ্জে হলুদের গুঁড়ায় চাউলের কুড়া ও রং মেশানোর অভিযোগে সাইফুল ইসলাম নামে এক মিল মালিককে এক লাখ টাকা জরিমানা করেছে জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

গতকাল সোমবার দুপুরে শহরের নলডাঙ্গা স্ট্যান্ডে সাইফুল ইসলামের হলুদের মিলে অভিযান চালিয়ে এ জরিমানা করা হয়।

ঝিনাইদহ ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উপ-পরিচালক সুচন্দন মন্ডল জানান, পূর্ব অভিযোগের ভিত্তিতে কালীগঞ্জে হলুদের মিল মালিক সাইফুল ইসলাম হলুদের সাথে চাউলের গুড়া ও রাসায়নিক রং মিশিয়ে বাজারজাত করছে এমন তথ্যে অভিযান চালিয়ে সত্যতা পাওয়ায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এ ৪২ ধারা অনুযায়ী অভিযুক্ত ব্যবসায়ীকে এক লাখ টাকা জরিমানা করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা স্যানেটারী ইন্সপেক্টর শাহনাজ পারভীন, পৌরসভার স্যানেটারী ইন্সপেক্টর আলমগীর হোসেন ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সদস্যরা।

দামুড়হুদায় ফসলি জমির উপর রেল লাইন স্থাপনের প্রতিবাদে মানববন্ধন

দামুড়হুদা উপজেলার নাপিতখালি গ্রামের ফসলি জমির উপর দিয়ে রেল লাইন স্থাপন না করার দাবীতে গ্রামবাসী একত্র হয়ে কৃষি জমি বাঁচাতে মানবন্ধন করেন।

জানা যায়, গত পরশু বেলা ১১ টার সময় দামুড়হুদা উপজেলার নাপিতখালি গ্রামবাসীর পক্ষে নুরআলী, মাহবুব, আঃ রফিক, আঃ রহমান, আঃ হাকিম, পিন্টু, আমিনুল, আঃ রাজ্জাক, মুরশিদসহ গ্রামের সকলে তাদের তিন ফসলি জমি রক্ষার্থে নাপিতখালি মরাগঙ্গ মাঠ দিয়ে রেল লাইন স্থাপন না করার জন্য এ মানববন্ধন কর্মসূচি পালন করেন।

মানববন্ধনে বক্তারা বলেন, নাপিতখালি একটি কৃষি প্রধান গ্রাম। গ্রামের প্রায় ৪ কিলোমিটার লম্বা তিন ফসলি জমি। গ্রামটির দক্ষিণ দিকে রয়েছে শত শত বিঘা
ত্রি-ফসলি জমি যা ৫ হাজার মানুষের সবজির চাহিদা পূরণ করে আসছে। এছাড়াও এ মাঠে ধান, ভুট্টাসহ অন্যান্য ফসলাদি উৎপন্ন হয়ে থাকে।

যদি এই গ্রামের উপর দিয়ে প্রস্তাবিত দর্শনা-মুজিবনগর রেল লাইন বাস্তবায়িত হয় তাহলে নাপিতখালি গ্রামবাসি চরমভাবে ক্ষতিগ্রস্থ হবে।

গ্রামের প্রায় ৯০ শতাংশ মানুষ কৃষি জমি হারাবে। এবং এলাকার অর্থনীতিতে বিরুপ প্রতিক্রিয়া পড়বে।

শৈলকুপায় শান্তিপূর্ণ ভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত, বেসরকারি ভাবে নৌকার প্রার্থী বিজয়ী

ঝিনাইদহের শৈলকুপা পৌরসভায় আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকের আশরাফুল আজম ৩৬০৬ ভোটের ব্যবধানে বেসকারী ভাবে নির্বাচিত হয়েছেন। তিনি পেয়েছেন ১০৮৮৭ ভোট এবং তার নিকটতম আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী তৈয়বুর রহমান খান পেয়েছেন ৭২৮১ ভোট। এছাড়া ধানের শীষ পেয়েছে ১৫৯৪ ও লাঙ্গল পেয়েছে ১৯৩৬ ভোট।

গতকাল শনিবার সকাল ৮ থেকে বিকাল ৪টা পর্যন্ত এই ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। পৌর সভার ১৫ কেন্দ্রের মধ্যে দুই একটি কেন্দ্রে বিচ্ছিন্ন ঘটনা ছাড়া শান্তিপূর্ণ ভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত

হয়েছে।

১নং খুললা নামক একটি কেন্দ্রে ভোটারদের মধ্যে সংঘাতের সৃষ্টি হলে কিছুক্ষণের জন্য সেখানে ভোট গ্রহণ বন্ধ থাকে। পরে আইন শৃঙ্খলা বাহিনীর হস্তক্ষেপে দ্রুতই ভোট গ্রহণ শুরু হয়।

স্বতন্ত্র প্রার্থীর গাড়ীর উপরে হামলার ঘটনা ঘটেছে বলেও তিনি অভিযোগ করেন। তাছাড়া কিছু কিছু কেন্দ্রে পোলিং এজেন্টদের ভয়ভীতি দেখানোর অভিযোগও পাওয়া গেছে। তবে বড় ধরনের কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

কালীগঞ্জে বিভিন্ন সেচ্ছাসেবী সংগঠন গুলোর মিলনমেলা অনুষ্ঠিত

ঝিনাইদহের কালীগঞ্জে সকল স্বেচ্ছাসেবী সংগঠনের মিলনমেলা অনুষ্ঠিত হয়েছে । সবুজ দেশ নিউজ ও সবুজ বাংলা রেস্টুরেন্টের উদ্যাগে কালীগঞ্জের সকল সেচ্ছাসেবী সংগঠনের সদস্যদের নিয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

লায়ন বি, এম সাইদুজ্জামান সবুজের সভাপতিত্বে শনিবার দুপুরে হাঙ্গার বলিদাপাড়া চিত্রা নদীর পাড়ে উদ্বোধন আনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কালীগঞ্জ পৌরসভার প্যালেন মেয়র মনিরুজ্জামান রিংক,ও কালীগঞ্জ ফায়ার সর্ভিসের ষ্টেশনের স্টেশন মাস্টার শেখ মামুনুর রশিদ। মিলন মেলাতে কালীগঞ্জের প্রায় ২১ টি সামাজিক সেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা একত্রে মিলিত হয়ে উৎসবে মেতে উঠে। সকালে পিঠামেলা ও বিভিন্ন খেলাধুলার পর দুপুরে মধ্যান্ন্য ভোজের পর বিকালে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্টানের আয়োজন করা হয়।

অনুষ্টানে বক্তব্য রাখেন, কোলাবাজার উন্নয়ন ফোরামের সভাপতি জিল্লুর রহমান, দোয়েল মুক্ত স্কাউটের সভাপতি আব্দুল আলিম ও সমাজকর্মী নুরুজ্জামান প্রমুখ।

দিনব্যাপী আয়োজিত মিলনমেলাতে অংশগ্রহনকারী সংগঠনগুলির মধ্যে রয়েছে,ব্লাড ব্যাংক অফ কালীগঞ্জ, এক্স ক্যাডেট অর্গানাইজেশন (ইকো), হিলফুল ফুজুল যুব সংগঠন, পাতিবিলা মানব কল্যাণ ট্রাষ্ট, ইয়াংস্টার ক্লাব, ১ টাকায় জীবন ফাউন্ডেশন, কালীগঞ্জ স্টুডেন্টস এ্যাসোসিয়েশন, রৌদ্দুর স্বেচ্ছাসেবী সংগঠন, ঈশ্বরবা মানব কল্যাণ ট্রাষ্ট, ইয়ূথ এগেইনেস্ট হাঙ্গার,

দোয়েল মুক্ত স্কাউটস গ্রুপ, প্রত্যাশা ২০২১ ফোরাম, আলী নদবী ফাউন্ডেশন, উন্নয়ন ফোরাম, কাসেমিয়া ফাউন্ডেশন, স্বপ্নছোঁয়া স্বেচ্ছাসেবী সংগঠন,ব্লাড ব্যাংক অব ঝিনাইদহ, ইউনিভার্সিটি স্টুডেন্টস অ্যাসোসিয়েশন (ঊষা), ডিপ্লোামা ইঞ্জিঃ অ্যান্ড স্টুডেন্টস এ্যাসোসিয়েশন, বাংলাদেশ পুলিশ কালীগঞ্জ থানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স। প্রত্যেকটি সংগঠনের আলাদা আলাদা স্টলের ব্যবস্থা করা হয়।

ঝিনাইদহে মিথ্যা ও ষড়যন্ত্র মূলক মামলার প্রতিবাদে সংবাদ সম্মেলন

ঝিনাইদহে মিথ্যা ও ষড়যন্ত্র মূলক মামলার প্রতিবাদে এবং এ থেকে অব্যাহতি পেতে সংবাদ সম্মেলন করেছে ভুক্তভোগি একটি পরিবার। গতকাল বৃহস্পতিবার দুপুরে ঝিনাইদহ প্রেস ক্লাব মিলনায়তনে এ সংবাদ সম্মেলন আয়োজন করে জিয়াউর রহমান নামের এক ব্যক্তি।

তিনি লিখিত বক্তব্য পাঠকালে বলেন, কালীগঞ্জ উপজেলার বহিরগাছি গ্রামের সোহরাব হোসেন ও তার ভাই জাহাঙ্গীর হোসেনের সাথে শরিকানা জমি-জমা নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছিল।

সোহরাব হোসেন ঝিনাইদহ সহকারী জজ আদালতের অফিস সহায়ক (পিয়ন) চাকুরি করার সুবাদে আদালতে একাধিক মামলা করেছেন। ৯ টি মামলার মধ্যে বর্তমানে ৩ টি মামলা চলমান রয়েছে। ইতোমধ্যে ৬ টি মামলা থেকে জিয়াউর রহমানের পরিবারকে আদালত অব্যাহতি দিয়েছেন। সংবাদ

সম্মেলনে উপস্থিত ছিলেন, জিয়াউর রহমানের পিতা আজিজুর রহমান, মাতা ফাতেমা খাতুন ও বড় ভাই হাসেম আলী।

ভুক্তভোগি জিয়াউর রহমান আরো অভিযোগ করে বলেন, আমি ঢাকাতে একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকুরি করি। ছুটির দিন বাড়িতে আসলে মামলাবাজ সোহরাব হোসেন ও জাহাঙ্গীর হোসেন আমাকে ফাসানোর জন্য একের পর এক মিথ্যা মামলা দিয়ে দিয়ে হয়রানি করে চলেছে।

এ ব্যাপারে এলাকার কেউ প্রতিবাদ করতে গেলে তাদেরকেও মিথ্যা মামলায় জড়িয়ে হয়রানি করার হুমকি দেয় তারা। এই সকল মামলা থেকে অব্যাহতি পেতে তিনি প্রশাসনসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু হস্তক্ষেপ কামনা করেছেন।

ঝিনাইদহে রাইচ প্লান্টার যন্ত্র দ্বারা ধানের চারা রোপণ উদ্বোধন

ঝিনাইদহে ২০২০-২১ অর্থবছরে রবি মৌসুমে প্রণোদনা কার্যক্রমের আওতায় সমলয় চাষাবাদ বাস্তবায়নের লক্ষ্যে বোরো ধানের চারা রাইচ ট্রান্টপ্লান্টার যন্ত্র দ্বারা রোপণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে সদর উপজেলার হলিধানি ইউনিয়নের সাগান্না গ্রামের মাঠে এ কর্মসূচির উদ্বোধন করা হয়।

এ সময় জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ভারপ্রাপ্ত উপ-পরিচালক বিজয় কৃষ্ণ হালদারের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, মহিলা ভাইস চেয়ারম্যান আরতি দত্ত, সদর উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদুল করিম, হলিধানী ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান

মতিয়ার রহমান, যুবলীগ নেতা নুর এ আলম বিপ্লব, বঙ্গবন্ধু পুরষ্কার প্রাপ্ত কৃষানী।
কৃষি সম্প্রসারণ অফিসার জুনাইদ হাবিবের পরিচালনায় অনুষ্ঠানে কৃষক, কৃষানী, জনপ্রতিনিধি ও কৃষি বিভাগের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বক্তারা বলেন, এতে করে কৃষক ভাল মানের চারা উৎপাদন করে অল্প সময়ের মধ্যে স্বল্পমূল্যে অধিক জমিতে ফসল আবাদ করতে পারবে। পাশাপাশি কৃষক অধিক ফসল ফলিয়ে লাভবান হবে।

পরে রাইচ প্লান্টার যন্ত্র দ্বারা শতাধিক কৃষকের ৫০ একর জমিতে হাইব্রিড তেজগোল্ড ধানের চারা রোপণের উদ্বোধন করা হয়।

হরিণাকুণ্ডুতে কাউন্সিলর প্রার্থী নাসির উদ্দীনের অফিস ভাঙচুরের প্রতিবাদে মানববন্ধন

আগামী ৩০ জানুয়ারি ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভা নির্বাচন। এ নির্বাচনকে কেন্দ্র করে গত বুধবার রাতে উপজেলার ২নং ওয়ার্ড কাউন্সিলর নাসির উদ্দীনের বাসভবন সংলগ্ন নির্বাচনী অফিস ভাঙচুর ও বাড়িতে হামলার প্রতিবাদে গতকাল বৃহস্পতিবার সকালে তার বাসার সামনে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

মানববন্ধনে বক্তারা বলেন, ২নং ওয়ার্ড কাউন্সিলর প্রার্থী নাসির উদ্দীন গতবারের নির্বাচিত একজন জনপ্রিয় কাউন্সিলর এবং হরিণাকুণ্ডু পৌর আওয়ামী লীগের সদস্য। তার জনপ্রিয়তায় ঈর্ষান্বিত হয়ে প্রতিপক্ষরা এই হামলা চালিয়েছে।

কাউন্সিলর নাসির উদ্দীন বলেন আমার বাসায় স্বতন্ত্র মেয়র প্রার্থী সাইফুল ইসলাম টিপু মল্লিক ভোট চেতে আসছিলেন এই খবর পেয়ে আওয়ামী লীগ প্রার্থী ফারুক হোসেনের ভাড়া করা গুন্ডা বাহিনী দিয়ে আমার নির্বাচনী অফিস ভাঙচুর করে এবং আমার বাড়িতে ইট পাটকেল মারে।

এ ব্যাপারে স্বতন্ত্র মেয়র প্রার্থী সাইফুল ইসলাম টিপু মল্লিক বলেন, আমি রাতে আমার নির্বাচনী প্রচারণা শেষ করে বাড়িতে ফিরছিলাম এসময় আমার বাড়ির সামনে নৌকা প্রতিকের প্রার্থী ফারুক হোসেন ও তার বহিরাগত গুন্ডা বাহিনী আমাকে উদ্দেশ্য করে হামলা করলে আমি আত্মরক্ষার্থে বাড়ির ভিতরে অবস্থান নিই। এ সময় আমার বাড়িতে ইট পাটকেল ছুঁড়ে অকথ্য ভাষায় গালিগালাজ করতে থাকে।

এ ঘটনায় হরিণাকুণ্ডু থানায় মামলার প্রস্তুতি চলছে বলেও কাউন্সিলর নাসির উদ্দীন জানিয়েছেন।

মানববন্ধনে অংশগ্রহণকারীরা সুষ্ঠু তদন্ত সাপেক্ষে এই ভাঙচুরের ঘটনার সাথে জড়িতদের বিচারের আওতায় আনার দাবী জানান।

কাউন্সিলর নাসির উদ্দীনের অফিস ভাঙচুর ও স্বতন্ত্র মেয়র প্রার্থীর বাসায় ইটপাটকেল নিক্ষেপ সম্পর্কে জানতে চাইলে নৌকা প্রতিকের মেয়র প্রার্থী ফারুক হোসেন বলেন এ বিষয়ে আমি কিছুই জানিনা।

সম্পত্তি পাওয়ার দাবিতে সংবাদ সম্মেলন

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার গুড়পাড়া গ্রামে জমি সংক্রান্ত বিষয় নিয়ে মিথ্যা সংবাদ প্রকাশের প্রতিবাদ ও প্রাপ্ত সম্পত্তি পাওয়ার দাবিতে সংবাদ সম্মেলন করেছেন রফিকুল ইসলাম ও রবিউল ইসলাম নামে দুই সহদর।

গতকাল বৃহস্পতিবার দুপুরে পৌর শহরের সাংবাদিক ইউনিয়ন কার্যালয়ে এই সংবাদ সম্মেলন করেন। রফিকুল ইসলাম তার লিখিত বক্তব্যে বলেন, উপজেলার গুড়পাড়া গ্রামের বাসিন্দা মৃত জবেদ আলী আমার পিতা। বিবাহিত জীবনে দুই স্ত্রী তার।

এর মধ্যে প্রথম পক্ষের দুই ছেলে শওকত আলী অংকুর ও শফিকুল ইসলাম। ৫ কন্যা সায়রা, আছিরন, লতিফা, বুদু ও তহমিনা। দ্বিতীয় পক্ষের দুই

ছেলে আমি রফিকুল ইসলাম ও আমার ভাই রবিউল ইসলাম। আমাদের নিয়ে সুখেই চলছিল তার দিন।

হঠাৎ করে ২০০৮ সালের দিকে মারা যান তিনি। এসময় আমার পিতা রেখে যান ১৫ বিঘার অধিক সম্পত্তি। ওই সময় থেকেই দুই মায়ের ছেলে মেয়েদের মধ্যে বিরোধ শুরু হয় ওই সম্পত্তি নিয়ে। যা নিয়ে উভয় পক্ষ থেকে ইতোমধ্যে থানা এবং আদালতে একাধিক মামলা দায়ের হয়েছে। এর মধ্যে অনেক মামলা চলমান রয়েছে। ঘটনাটি নিয়ে স্থানীয় জন প্রতিনিধিরাও সামাজিক ভাবে মিমাংসার চেষ্টা করে ব্যর্থ হয়েছেন।

এর মধ্যে প্রথম পক্ষের দুই ভাই শওকত আলী ও শফিকুল দ্বিতীয় পক্ষের আমরা দুই ভাই রফিকুল ও রবিউলকে আমাদের প্রাপ্ত সম্পত্তি বুঝিয়ে না দিয়ে বিভিন্ন প্রকার ভয়-ভীতি ও মামলা-হামলা করেই চলেছেন।

এছাড়াও একটি স্থানীয় সাপ্তাহিক পত্রিকায় মিথ্যা, বানোয়াট ও ভিত্তিহীন সংবাদ প্রকাশ করে আমাদের দুই ভাইকে সামাজিক ভাবে হেয় প্রতিপন্ন করেছেন। বিষয়টি নিয়ে আমরা দুই ভাই কোন উপায় না পেয়ে সংবাদ পত্রের মাধ্যমে ন্যায় বিচারের দাবি জানাচ্ছি। সাথে সাথে সঠিক তদন্ত পূর্বক ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্তা ব্যক্তিদের হস্তক্ষেপ কামনা করছি।

মোবারকগঞ্জ সুগারমিলে নতুন ব্যবস্থাপনা পরিচালকের যোগদান

মোবারকগঞ্জ সুগার মিলে নতুন ব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগদান করেছেন মোশারফ হোসেন।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় এক অনুষ্ঠানের মাধ্যমে তিনি যোগদান করেন। একই সাথে মোবারকগঞ্জ সুগার মিলস লিমিটেড প্রধান ব্যবস্থাপনা পরিচালক মোঃ আনোয়ার কবীর এর বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

উক্ত বিদায় ও যোগদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত

ছিলেন ঝিনাইদহ চার আসনের সাংসদ আনোয়ারুল আজীম আনার এম পি। বিদায়ী ব্যবস্থাপনা পরিচালককে ফুল দিয়ে বিদায় জানায় মিলসের সকল স্তরের কর্মকর্তা কর্মচারীরা।

শৈলকুপায় পুরুষ কাউন্সিলরদের ভোট স্থগিত

শৈলকুপায় নির্বাচনী সহিংসতায় প্রার্থীসহ ২ব্যক্তি নিহত হয়েছে বলে জানা গেছে। তার জের ধরে ৮নং ওয়ার্ডের পুরুষ কাউন্সিলরদের ভোট স্থগিত করেছে নির্বাচন কমিশন। এলাকায় অতিরিক্ত পুলিশ মতায়েন করা হয়েছে।

ভোট চাইতে গিয়ে ঝিনাইদহের শৈলকুপায় কাউন্সিলর প্রার্থী শওকত হোসেনের ভাই আওয়ামী লীগ নেতা লিয়াকত হোসেন ওরফে বল্টু (৫০) ছুরিকাঘাতে নিহত হয়েছে। নিহত বল্টু ১৩নং উমেদপুর ইউনিয়ন আ’লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ছিল। ঘটনাটি গত বুধবার রাত ৯টার দিকে পৌর এলাকার কবিরপুরের ভূইমালী পাড়াতে।

এলাকাবাসিরা জানান, ৮নং ওয়ার্ডের কাউন্সিলর প্রার্থী শওকত হোসেন ও তার ছোট ভাই আওয়ামী লীগ নেতা লিয়াকত হোসেন বল্টু পৌর এলাকার কবিরপুরের ভূইমালী পাড়াতে যান তার ভাই পক্ষে নির্বচনী প্রচারণা চালাতে।

এ সময় তার প্রতিদ্বন্দ্বী প্রার্থী পাঞ্জাবী মার্কার আলমগীর হোসেন বাবুর সমর্থকরা তাকে ছুরিকাঘাত করে পালিয়ে যায়। হামলায় বল্টুর ভাই কাউন্সিলর প্রার্থী শওকত হোসেন আহত হন।

হামলার পর গুরুতর আহত বল্টুকে উদ্ধার করে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু ঘটে। কাউন্সিলর প্রার্থী শওকত হোসেন জানান, আমার ভাইকে প্রতিদ্বন্দী প্রার্থী পাঞ্জাবী মার্কার আলমগীর হোসেন বাবুর সমর্থকরা তাকে ছুরিকাঘাতে হত্যা করেছে।

শৈলকুপা পৌর আওয়ামী লীগের সভাপতি নৌকা মার্কার মেয়র প্রার্থী জানান, নিহত লিয়াকত হোসেন ও তার বড় ভাই কাউন্সিলর প্রার্থী শওকত হোসেন আওয়ামী লীগ নেতা কর্মী।

শৈলকুপা থানার সেকেন্ড অফিসার আমিরুজ্জামান বলেন, ভোট চাওয়াকে কেন্দ্র করে বল্টু নামের এক আওয়ামী লীগ নেতা নিহত হয়েছে। এদিকে কাউন্সিলর প্রার্থীর ভাই নিহত হওয়ার ৫ ঘন্টা পর একই ওয়াডের কাউন্সিলর প্রার্থী আলমগির হোসেন বাবুর মরদেহ শৈলকুপার কুমার নদের দেবতলা নামক স্থান থেকে পুলিশ অক্ষত অবস্থায় উদ্ধার করে মর্গে পাঠিয়েছে বলে জানান শৈলকুপা থানার সেকেন্ড অফিসার আমিরুজ্জামান।

নিহত কাউন্সিলর প্রার্থী আলমগির হোসেন বাবুর স্ত্রী ইতি খাতুন অভিযোগ করেন আমার স্বামীকে পরিকল্পিত ভাবে হত্যা করা হয়েছে। প্রার্থী মারা যাওয়ার কারণে ৮নং ওয়ার্ডের পুরুষ কাউন্সিলরদের ভোট স্থগিত করেছে নির্বাচন কমিশন বলে জানান, উপজেল সহকারী রিটারনিং অফিসার জুয়েল আহাম্মেদ। এব্যপারে শৈলকুপা থানা তদন্ত অফিসার মহসিন হোসেন জানান, এলাকায় ব্যাপক পুলিশ মতায়েন করা হয়েছে।